

"মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা
ই-হজ ব্যবস্থাপনা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

নং- ধবিম/হ:শা:/৪-২০৫/২০১২-০৬

তারিখ: ১৯ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
০৩ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নিবন্ধনকৃত বেসরকারি ব্যবস্থাপনার হজ পরিচালনাকারী হিসেবে নীড় ট্রাভেলস (হজ লাইসেন্স নং-১০৭৬), ১০৬/ক, কসমিক টাওয়ার (১০ম তলা), বক্স কালভার্ট রোড, নয়াপল্টন, ঢাকা-১০০০ এর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন; এবং

০২। যেহেতু আপনি হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ৯ ধারায় বর্ণিত নিবন্ধনের শর্তসমূহ পালনে দৃঢ়ভাবে অঙ্গীকারাবদ্ধ; এবং

০৩। যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে জনাব মো: আব্দুল আলিম, তেজগাঁও, ঢাকা নিম্নরূপ অভিযোগ দাখিল করেন:

" ২০২০ সালে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সর্বপ্রকার হজের রেজিস্ট্রেশন টাকা ফেরত দেওয়ার নির্দেশ থাকলেও মৌখিকভাবে ২,০০,০০০/- টাকা পরিশোধ করে। অবশিষ্ট ১,২৫,০০০/- টাকা পরিশোধ করেননি।" এবং

০৪। যেহেতু ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ০৫.০৯.২০২২ খ্রি. তারিখের ধবিম/হ:শা:/৪-২০৫/২০১২-২৬৯ স্মারকমূলে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়েছে এবং এ বিষয়ে আপনি লিখিত জবাব দাখিল করেছেন; এবং

০৫। যেহেতু আপনার জবাব সন্তোষজনক না হওয়ায় উক্ত অভিযোগটি তদন্তের নিমিত্ত গত ১৯.০৯.২০২২ খ্রি. তারিখের ধবিম/হ:শা:/৪-২০৫/২০১২-৩৩৫ নং স্মারকমূলে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গঠিত তদন্ত কমিটি-২ এর নিকট প্রেরণ করা হয় এবং গত ১৮.১০.২০২২ তারিখ কমিটির শুনানীতে হাজির হয়ে স্বীকারোক্তি প্রদান করেছেন; এবং

০৬। যেহেতু আপনি অভিযোগকারীকে দাবীকৃত অবশিষ্ট ১,২৫,০০০/- টাকা ফেরত প্রদানে তালবাহানা করছেন এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর অভিযোগ দাখিল করতে বাধ্য করেছেন; এবং


০৭। যেহেতু তদন্ত কমিটি অভিযোগকারীর অভিযোগটি সত্য মর্মে নিশ্চিত হয়ে প্রতিবেদন দাখিল করেছে; এবং

০৮। যেহেতু হজযাত্রী কর্তৃক দাবীকৃত অবশিষ্ট ১,২৫,০০০/- টাকা ফেরত প্রদানে তালবাহানা করার কারণে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ধারা ১২ এর দফা (ঞ) ও (ঢ) অনুযায়ী এজেন্সি কর্তৃক আচরণবিধি লঙ্ঘন এবং অনিয়ম ও অসদাচরণ করেছেন; এবং

০৯। যেহেতু এ ধরনের অনিয়মের কারণে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ১৩ ধারা অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের কারণসমূহ বিদ্যমান;

১০। সেহেতু হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ধারা ১৩(২) এর দফা (ক) অনুযায়ী আপনার পরিচালিত নীড় ট্রাভেলস (হজ লাইসেন্স নং-১০৭৬)-কে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা জরিমানা করা হলো। উক্ত জরিমানাকৃত অর্থ আগামী ৩০ কার্যদিবসের মধ্যে ১-৩৫০১-০০০১-১৯০১ কোডে ট্রেজারি চালানোর মাধ্যমে সরকারি কোষাগারে জমাদানপূর্বক চালানোর মূল কপি এ মন্ত্রণালয়ের হজ অনুবিভাগে দাখিল করবেন। অন্যথায় এজেন্সির ইউজার আইডি ও পাসওয়ার্ড বন্ধ করে দেয়া হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


০৬.০১.২০২৩
আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব

ফোন: ৫৫১০১১১৮

mail:morahajsection@gmail.com

নং-খবিম/হ:শা:/৪-২০৫/২০১২-০৬


তারিখ: ১৯ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
০৩ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. জনাব মো: নূরুল ইসলাম, স্বত্বাধিকারী, নীড় ট্রাভেলস (হজ লাইসেন্স নং-১০৭৬), ১০৬/ক, কসমিক টাওয়ার (১০ম তলা), বক্স কালভার্ট রোড, নয়াপল্টন, ঢাকা-১০০০

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (www.mora.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (www.hajj.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. অফিস কপি।


০৬.০১.২০২৩

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব